

## Beat Asthma কী?

হাঁপানি বেশ সাধারণ - যুক্তরাজ্যে প্রতি 10 জনের মধ্যে 1 জন শিশু এবং কিশোর এতে ভুগে থাকে।

হাঁপানিতে আক্রান্ত অনেক লোকের মৃদু রোগ/অসুস্থতা থাকে এবং তাদের উপসর্গগুলো তাদের জীবনের কোনো কিছুতেই হয়তো হস্তক্ষেপ করতে পারে না। ফলস্বরূপ, অনেক লোকজন হাঁপানি নিয়ে চিন্তা করেন না অথবা উপসর্গগুলোকে খুব গুরুত্ব সহকারে নেন না।

কিন্তু সকল হাঁপানিই মৃদু নয়, এমনকি মৃদু হাঁপানি সেগুলোর চিকিৎসা সঠিকভাবে করা হয় না তা জীবনমাত্রার মানের উপর প্রভাব ফেলতে পারে, লোকজন যে কাজগুলো করতে চায় সেগুলোকে বন্ধ করে দেয়।

এবং, যদিও হাঁপানি সাধারণত মৃদু হয়, তবে মাঝে মাঝে এটি জীবনের জন্য প্রাণঘাতী হতে পারে। এমনকি যে লোকজন ভেবেছিল যে তাদের শুধুমাত্র মৃদু হাঁপানি রয়েছে তাদেরও প্রাণঘাতী আক্রমণ হতে পারে। এটির সাধারণ কারণ হল তারা জানত না যে যখন উপসর্গগুলো আরো খারাপ হতে থাকে তখন সেগুলো কিভাবে চিনতে হবে, অথবা চিনতে পারলেও কী করতে হবে তা তারা জানত না।

দুঃখজনকভাবে, ইউকেতে প্রতি বছর প্রায় 20-30 জন শিশু এবং তরুণরা তাদের হাঁপানির জন্য মারা যায়। আমরা জানি যে হাঁপানি সম্পর্কে পরিবার, তরুণ, স্কুল এবং হেলথ পেশাদারদের শিক্ষিত করা, যখন অসুখ খারাপ হতে শুরু করে তখন কিভাবে চিনবেন এবং হাঁপানির

চিকিৎসার সহজ ধাপগুলো সঠিকভাবে কী করে করবেন, এটি একটি বাস্তব পার্থক্য তৈরি করতে পারে, এবং এমনকি জীবনও বাঁচাতে পারে।

এটির মোকাবেলা করার জন্য **BeatAsthma** তৈরি করা হয়েছে।

আমরা লোকজনের একটি বৈচিত্র্যময় দল যেখানে হেলথ পেশাদার থেকে শুরু করে মা-বাবা থেকে যারা হাঁপানিতে ভুগছেন তারা সকলেই যারা শিশুদের হাঁপানি সম্পর্কে সচেতনতা এবং জ্ঞানকে উন্নত করার বিষয়টিকে আবেগের সাথে বিশ্বাস করেন।

এই সাইটে, আপনি হাঁপানিকে সম্পূর্ণরূপে বুঝতে এবং পরিচালনা করার জন্য আপনার প্রয়োজনীয় সমস্ত তথ্য পাবেন, তা আপনি হাঁপানিতে

আক্রান্ত একটি শিশুর মা-বাবা, নিজে হাঁপানিতে আক্রান্ত একজন তরুণ, একজন টিচার অথবা একজন হেলথ পেশাদার যেই হন না কেন।

একসাথে কাজ করে, পরিচর্যার মানসম্মতকরণ করে এবং যারা হাঁপানির মোকাবিলা করেন তাদেরকে নিয়ন্ত্রণ নেওয়ার জন্য ক্ষমতায়নের মাধ্যমে, আমরা হাঁপানিতে আক্রান্ত শিশুদের জীবনকে পরিবর্তিত করতে পারি।